# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

## ২.৭ সালাতের ওয়াজিব - ২১. ওয়াজিব ছুটে গেলে করণীয় কি? সালাতের ওয়াজিব কয়টি ও কী কী?

ইচ্ছাকৃতভাবে কোন একটা ওয়াজিব ছেড়ে দিলে সালাত বাতিল হয়ে যায়। আর ভুলে বাদ পড়লে সাহু সিজদা দিতে হয়। বিশুদ্ধ দলীল-প্রমাণের ভিত্তিতে সালাতের ওয়াজিব সাতটি

১. সকল তাকবীর (তাকবীরে তাহরীমা ছাড়া)
২. (সূরা ফাতিহার পর) সূরা মিলানো। অধিকাংশ মাযহাবে এটা সুন্নাত।
৩. ‘সামি আল্লাহু লিমান হামীদা’ বলা (রুকু থেকে মাথা উঠানোর সময় ইমাম ও একাকী নামায আদায়কারী এ তাসবীহটি পড়বে ।
৪. রাব্বানা ওয়া লাকাল হামদ' বলা, (ইমাম, মুক্তাদি ও একাকী নামায আদায়কারী সবাই বলবে)।
৫. মাগরিব ও চার রাকআত বিশিষ্ট সালাতের প্রথম বৈঠক।
৬. প্রথম বৈঠকে তাশাহহুদ পড়া।
৭. দরূদ পড়া (শেষ বৈঠকে), একদল ফিকহবিদের মতে, এটা রুকন।

দলীল: (এক) বুখারী: ৭৩৩, ইফা ৬৯৭, আধুনিক ৬৮৯, (দুই) বুখারী: ৭৫৯, ইফা: ৭২৩, আধুনিক: ৭১৫, (তিন) বুখারী: ৭৮৯, ইফা ৭৫৩, আধুনিক ৭৪৫, (চার) বুখারী, (পাঁচ) বুখারী: ৮৩০, ইফা ৭৯২, আধুনিক ৭৮৪, (ছয়) নাসাঈ: ১১৬৩, (সাত) মুসলিম: ৪০৫, বুখারী: ৬৩৫৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=12905

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন